গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২০৯/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ৬ মে ২০১৯, ২৩ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ঘূর্ণিঝড় ফণীতে ক্ষতিগ্রস্তদের দ্রুত সহায়তা দিতে প্রধানমন্ত্রীর নির্দেশ
২। বিশ্বে দুর্যোগ মোকাবিলায় রেডক্রসের কার্যক্রম প্রশংসনীয় : রেডক্রসের প্রতিনিধিদলের প্রধানকে স্পিকার
৩। এ বছরেই ৪০টি সাইক্লোন শেল্টার নির্মাণ : ত্রাণ প্রতিমন্ত্রী
৪। বঙ্গবন্ধু স্যাটেলাইটের আগাম তথ্যে ঘূর্ণিঝড় ফণী মোকাবিলার প্রস্তুতি : নৌপ্রতিমন্ত্রী
৫। প্রধানমন্ত্রীর চোখে অস্ত্রোপচার সম্পন্ন
৬। হুমকি পাওয়া ব্যক্তিদের জন্য বিশেষ নিরাপত্তা : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। বিএনপি জঙ্গী পোষণ ও তোষণ করে : তথ্যমন্ত্রী
৮। গণমাধ্যমকর্মীদের হঠাৎ ছাঁটাই সমীচীন নয় : তথ্যমন্ত্রী
৯। নির্দিষ্ট অর্থের মধ্যে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে : পরিকল্পনামন্ত্রী
১০। উন্নয়নের গুণগত মান বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করার আহ্বান গণপূর্তমন্ত্রীর
১১। স্বল্পমূল্যের ফ্ল্যাট নির্মাণের তাগিদ ভূমিমন্ত্রীর
১২। আজ চাঁদ দেখা গেলে আগামীকাল থেকে রোজা
১৩। পবিত্র রমজান মাসে ব্যাংক লেনদেন দুপুর আড়াইটা পর্যন্ত
১৪। এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ আজ
১৫। পদ্মাসেতুর ১২তম স্প্যান বসছে আজ

চলমান পাতা-২

**১।	ঘূর্ণিঝড় ফণীতে ক্ষতিগ্রস্তদের দ্রুত সহায়তা দিতে প্রধানমন্ত্রীর নির্দেশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘূর্ণিঝড় ফণী'র কারণে ক্ষয়ক্ষতি দ্রুত নিরূপণ করে ক্ষতিগ্রস্তদের সহায়তা দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং আওয়ামী লীগের নেতাকর্মীদের প্রতি নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী সরকারি সফরে বর্তমানে লন্ডনে রয়েছেন। গতকাল (৫ মে রোববার) তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বলেন, ক্ষতিগ্রস্ত জনগণকে সহযোগিতা করুন এবং দ্রুত ঝড়ের ক্ষয়ক্ষতি নিরূপণের কাজ সম্পন্ন করুন। প্রধানমন্ত্রী ঘূর্ণিঝড়-জনিত কারণে যাঁরা নিহত হয়েছেন তাঁদের রুহের মাগফিরাত কামনা করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। প্রধানমন্ত্রী প্রশাসনের পাশাপাশি বাংলাদেশ আওয়ামী লীগের নেতাকর্মীদের সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**২।	বিশ্বে দুর্যোগ মোকাবিলায় রেডক্রসের কার্যক্রম প্রশংসনীয় :<br>রেডক্রসের প্রতিনিধিদলের প্রধানকে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বিশ্বে দুর্যোগ মোকাবিলা ও মানবাধিকার রক্ষায় রেডক্রসের কার্যক্রম প্রশংসনীয় । ভবিষ্যতেও এ সংস্থা দুর্যোগ মোকাবিলায় গতিশীল এবং কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। গতকাল (৫ মে রোববার) জাতীয় সংসদ ভবনে ইন্টারন্যাশনাল কমিটি অভ্ রেডক্রসের প্রতিনিধিদলের প্রধান ইখতিয়ার আসলানভ স্পিকারের সঙ্গে সৌজন্য সাক্ষাতে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৬)।

**৩।	এ বছরেই ৪০টি সাইক্লোন শেল্টার নির্মাণ : ত্রাণ প্রতিমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান বলেন, সুপার সাইক্লোন ছিল ফণী। ভারতে ঘণ্টায় ২১০ কিলোমিটার গতিতে আঘাত হেনেছে ঝড়টি। এটি বাংলাদেশের ওপর দিয়ে গেলে বিশাল ক্ষতি হতো। কিন্তু আল্লাহ বাংলাদেশকে রক্ষা করেছেন। তিনি বলেন, গত ২৬ এপ্রিল আমরা জানতে পেরেছি এটি সাইক্লোনে রূপ নিচ্ছে। এরপর থেকেই এটি মোকাবিলায় সরকারের প্রস্তুতি শুরু হয়। তিনি আরো বলেন, এ এলাকায় আরও **১**'শ সাইক্লোন শেল্টার দরকার। এ বছরের মধ্যেই আরও ৪০টি সাইক্লোন শেল্টার তৈরি করা হবে। এ এলাকার উন্নয়নে ৮০০ কোটি টাকার প্রকল্প প্রস্তাব রয়েছে। এটি বাস্তবায়ন হলে এলাকার মানুষের ভাগ্যের পরিবর্তন হবে। বিমানবাহিনীর হেলিকপ্টারে গতকাল (৫ মে রোববার) সাতক্ষীরার শ্যামনগর ও নীল ডুমুরসহ সুন্দরবন এলাকা পরিদর্শন করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান এবং পানিসম্পদ উপমন্ত্রী এ কে এম এনামুল হক শামীম। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.৬)।

**৪।	বঙ্গবন্ধু স্যাটেলাইটের আগাম তথ্যে ঘূর্ণিঝড় ফণী মোকাবিলার প্রস্তুতি : নৌপ্রতিমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারাবাহিকতায় বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎপেক্ষণ করা হয়। ঘূর্ণিঝড় ফণী' ২০০০ কিলোমিটার দূরে থাকতেই বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে আগাম তথ্য পাওয়া যায়। এ তথ্যের ওপর ভিত্তি করে আগাম প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানিয়েছেন নৌপ্রতিমন্ত্রী খালেদ মাহমুদ চৌধুরী। প্রতিমন্ত্রী বলেন, ঘূর্ণিঝড় ফণী' মোকাবিলায় নৌপরিবহণ মন্ত্রণালয় সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করায় নৌখাতে কোনো ধরনের ক্ষতি হয়নি। মন্ত্রণালয়ের কন্ট্রোল রুম দিন-রাত খোলা ছিল। কন্ট্রোল রুম থেকে তথ্য পেয়ে জনগণ উপকৃত হয়েছে। মন্ত্রণালয় ও এর অধীনস্থ সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তা-কর্মচারীরা সার্বক্ষণিক দায়িত্ব পালন করেছেন। তিনি আরো বলেন, গত ৪ মে শনিবার রাত থেকে ফেরি চালু হয়েছে। গতকাল ৫ মে রোববার থেকে লঞ্চ চলাচল শুরু হয়েছে। গতকাল (৫ মে রোববার) নৌমন্ত্রণালয়ের সভাকক্ষে সড়ক দুর্ঘটনায় নিহত মেরিন একাডেমির ডেক ক্যাডেট মো: আলি আজগরের পরিবারের কাছে ক্ষতিপূরণের চেক বিতরণকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.১৫,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

**৫।	প্রধানমন্ত্রীর চোখে অস্ত্রোপচার সম্পন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার চোখে অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে। গত ৪ মে শনিবার লন্ডনের মরফিল্ড চক্ষু হাসপাতালে এ অস্ত্রোপচার হয়। গতকাল (৫ মে রোববার) যুক্তরাজ্য আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গণমাধ্যমকে এ তথ্য জানান। তিনি জানান, প্রধানমন্ত্রীর চোখের অপারেশন সম্পন্ন হয়েছে। তিনি বর্তমানে চিকিৎসকদের তত্ত্বাবধানে আছেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৬।	হুমকি পাওয়া ব্যক্তিদের জন্য বিশেষ নিরাপত্তা : স্বরাষ্ট্রমন্ত্রী**

সন্ত্রাসীগোষ্ঠীর কাছ থেকে হত্যার হুমকি পাওয়া বাংলাদেশি নাগরিকদের নিরাপত্তার জন্য বিশেষ ব্যবস্থা থাকবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল ( ৫ মে রোববার) রাজধানীর তেজগাঁওয়ে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এমন তথ্য দিয়ে মন্ত্রী বলেন, হুমকির ঝুঁকি মোকাবেলায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও গোয়েন্দা সংস্থা কাজ করছে। তিনি আরো বলেন, লোন উলফ ম্যাগাজিনে বাংলাদেশে জঙ্গি হামলার যে হুমকি দেওয়া হয়েছে, এ দেশের জনগণ তা ভয় পায় না। যাদের নামে হুমকি দেওয়া হয়েছে, তাদের নিরাপত্তার ব্যবস্থা করা হবে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১), **নিউ নেশন** (পৃ.২,ক.১)।

**৭।	বিএনপি জঙ্গী পোষণ ও তোষণ করে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বিএনপি জঙ্গী সংগঠনগুলোর পোষণ ও তোষণ করে। তারা এখন সংবাদসম্মেলন করে আর নিষিদ্ধ সংগঠনের মতো কোথাও চোরাগোপ্তা মিছিল করে। গতকাল (৫ মে রোববার) রাজধানীর জাতীয় জাদুঘরের সুফিয়া কামাল মিলনায়তনে মহিলা আওয়ামী লীগ আয়োজিত ‘জঙ্গীবাদ নির্মূলে আমাদের করণীয়’ শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী আরো বলেন, বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের অনেক নেতাই আফগানিস্তানে ট্রেনিং নিয়েছেন। বিএনপি ও তাদের নেতাদের পক্ষ থেকে জঙ্গী পৃষ্ঠপোষকতা প্রদানই এদেশে জঙ্গী দমনে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৮।	গণমাধ্যমকর্মীদের হঠাৎ ছাঁটাই সমীচীন নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রিন্ট বা ইলেক্ট্রনিক কোনো গণমাধ্যমকর্মীকে হঠাৎ ছাঁটাই কোনোভাবেই সমীচীন নয়। তাদের সংসার ও জীবনের কথা ভাবতে হবে। একান্ত প্রয়োজন হলে আগে থেকে নোটিশ ও কয়েক মাসের বেতন দেওয়ার বিষয়টি অবশ্যই বিবেচনা করা উচিত। গতকাল (৫ মে রোববার) সন্ধ্যায় রাজধানীতে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে প্রয়াত সাংবাদিক ও পিআইবির সাবেক মহাপরিচালক মো. শাহ আলমগীর স্মরণে নাগরিক স্মরণসভায় বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৫)।

**৯।	নির্দিষ্ট অর্থের মধ্যে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, মান ঠিক রেখে সময়মতো নির্দিষ্ট অর্থের মধ্যে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে। এ টাকা জনগণের টাকা। তাই খরচের ক্ষেত্রে সচেতন হতে হবে। প্রকল্প যেন সময়মতো বাস্তবায়ন হয়, সেদিকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। প্রকল্প বাস্তবায়নে বাহুল্য ব্যয় বাদ দেওয়ার আহবান জানিয়েছেন তিনি। গতকাল (৫ মে রোববার) শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকক্ষে উন্নয়ন প্রকল্পগুলোর ডিজিটাল মনিটরিংয়ের জন্য গঠিত পিএমআইএসের কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সমকাল** (পৃ.৪,ক.১), **নিউ এজ** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**১০।	উন্নয়নের গুণগত মান বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করার আহ্বান গণপূর্তমন্ত্রীর**

উন্নয়নের গুণগত মান বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে প্রকৌশলী ও নির্মাণ কাজের সঙ্গে যুক্তদের প্রতি আহ্বান জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (৫ মে রোববার) রাজধানীর সেগুনবাগিচায় গণপূর্ত অধিদফতরের সম্মেলনকক্ষে কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, কোনোভাবেই যেন একটি সৃষ্টি বিপন্নতার দিকে চলে না যায়। গণপূর্ত বিভাগের একজন প্রকৌশলী বা নির্মাণ কাজে সম্পৃক্তদের আন্তরিকতা, স্বচ্ছতা, সততা আর নিষ্ঠার দ্বারা কাজ না হলে সে কাজের ক্ষতি হবে সুদূরপ্রসারী। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.১৩,ক.৪)।

**১১। স্বল্পমূল্যের ফ্ল্যাট নির্মাণের তাগিদ ভূমিমন্ত্রীর**

শুধু ধনীদের জন্য ফ্ল্যাট নির্মাণ করলে হবে না বরং আবাসনখাতের উন্নয়নে স্বল্পমূল্যের ফ্ল্যাট নির্মাণ করতে হবে বলে জানিয়েছেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী। রাজধানীর একটি হোটেলে গতকাল (৫ মে রোববার) ‘আবাসন খাতের চ্যালেঞ্জ : নগরায়ণ ও বিকেন্দ্রীকরণ’ শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ভূমিমন্ত্রী আরো বলেন, রাজধানী ঢাকাসহ সারাদেশের ভূমি ব্যবস্থাপনা অনলাইনের আওতায় আনা হবে। আগামী জুন ও জুলাই মাসের মধ্যে এটি বাস্তবায়ন করা সম্ভব হবে বলে তিনি জানান। নামজারি, খতিয়ান, খাজনার দাখিলা, মৌজা ম্যাপসহ সবকিছুই থাকবে অনলাইনে। সূত্র : **যুগান্তর** (পৃ.১৫,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১)।

**১২। আজ চাঁদ দেখা গেলে আগামীকাল থেকে রোজা**

আজ চাঁদ দেখা গেলে আগামীকাল ৭ মে মঙ্গলবার থেকে শুরু হবে মাহে রমজান। আর চাঁদ দেখা না গেলে রমজান শুরু হবে আগামী বুধবার থেকে। ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রমজানের তারিখ নির্ধারণে ধর্ম প্রতিমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি শেখ মোঃ আব্দুল্লাহর সভাপতিতে আজ (৬ মে সোমবার) সন্ধ্যা ৭টায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররমের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১৩। পবিত্র রমজান মাসে ব্যাংক লেনদেন দুপুর আড়াইটা পর্যন্ত**

পবিত্র রমজান মাসে সকাল সাড়ে ৯টা থেকে বিকেল চারটা পর্যন্ত সব তফসিলভুক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অফিস খোলা থাকবে। লেনদেন হবে সকাল সাড়ে নয়টা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত। গতকাল (৫ মে রোববার) বাংলাদেশ ব্যাংকের এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **বাংরাদেশ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**১৪। এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ আজ**

আজ (৬ মে সোমবার) এসএসসি ও সমমানের ফল প্রকাশিত হবে। সকাল সাড়ে ১০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে ফল ঘোষণা করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। ফল প্রকাশের দিন প্রধানমন্ত্রীর হাতে ফলাফলের অনুলিপি তুলে দেওয়ার রেওয়াজ থাকলেও এবার তিনি দেশের বাইরে থাকায় তা সম্ভব হচ্ছে না। প্রধানমন্ত্রীর সম্মতিক্রমে তাঁর পক্ষে ফলাফলের অনুলিপি গ্রহণ করবেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**১৫। পদ্মাসেতুর ১২তম স্প্যান বসছে আজ**

পদ্মাসেতুর ২০ ও ২১ নম্বর খুঁটির ওপর ১২তম স্প্যান বসবে আজ (৬ মে সোমবার)। আবহাওয়া ও অ্যাংকরিংসহ সবকিছু অনুকূলে থাকলে আজ ২০ ও ২১ নম্বর খুঁটির ওপর বসবে ১২তম স্প্যানটি। পদ্মাসেতুর উপসহকারী প্রকৌশলী হুমায়ূন কবীর গতকাল (৫ মে রোববার) এসব তথ্য নিশ্চিত করেছেন। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল, ভোরের কাগজ :** জাতীয় দুর্যোগ প্রস্তুতি ও সমন্বয় কেন্দ্রের তথ্য অনুযায়ী বাংলাদেশে ফণী’র আঘাতে কমবেশি ৫৩ হাজার একর জমির ফসল সম্পূর্ণ বা আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে উল্লেখ করে ক্ষতিগ্রস্ত কৃষকের পাশে দাঁড়ানোর আহ্বান।

খ. **ইত্তেফাক :** বঙ্গমাতা আন্তর্জাতিক (অনুর্ধ্ব-১৯) গোল্ডকাপ ফুটবলে বাংলাদেশে নারী ফুটবল দল যুগ্ম চ্যাম্পিয়ন হয়েছে উল্লেখ করে এসব খেলোয়াড়কে উপযুক্ত সহায়তা ও সমর্থন দেওয়ার সুপারিশ।

**গ.** **ইনকিলাব :** যাকাত দারিদ্র্য বিমোচন, ধন ও আয় বৈষম্য হ্রাসে ব্যাপক অবদান রাখতে পারে উল্লেখ করে সামর্থ্যবান মুসলমানাদের যাকাত প্রদানে উদ্বুদ্ধ করার আহ্বান।

**ঘ.** **যায়যায়দিন :** রমজানের ঠিক আগ মুহূর্তে রাজধানীর বাজারে হঠাৎ বেড়েছে সব ধরনের সবজির দাম উল্লেখ করে এব্যাপারে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ঙ.** **যুগান্তর :** সরকার বিনিয়োগ বাড়াতে ও পিছিয়ে-পড়া জনগোষ্ঠীর বৈষম্য কমাতে **১** হাজার ৩০০ আইন পর্যালোচনার উদ্যোগ নিয়েছে যা সুষ্ঠুভাবে সম্পন্ন করা গেলে বিনিয়োগ, আমদানি-রফতানি বাণিজ্য বৃদ্ধিসহ বৈষম্য নিরসন করে ন্যায়বিচার প্রতিষ্ঠার ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **অবজারভার :** বাংলাদেশ বিমানের অভ্যন্তরীণ অনিয়ম -দুর্নীতি রোধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** জলবায়ু পরিবর্তনজনিত কারণে দেশে বজ্রপাতের পরিমাণ বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সচেতনতার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সরকার জ্ঞান ব্যবস্থাপনাকে দেশের উন্নয়নের সত্যিকার কৌশল হিসেবে গ্রহণ করলে শিক্ষকের সব শূন্য পদ পূরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'নারীর ওপর শ্রেষ্ঠত্ব নয়'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নারী-পুরুষ উভয়ের মধ্যে সহমর্মিতা, সহানুভূতি আর সহযোগিতার সম্পর্ক গড়ে উঠলেই নারীর প্রতি সহিংসতা বন্ধ হতে পারে, কেবল আইন প্রয়োগ করে নয়।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা